ফাতওয়া নাম্বার: ৫৩৩ প্রকাশকালঃ২৮-০২-২০২৫ ইং

# ইহুদী-খ্রিস্টানদের জবাইকৃত পশুর বিধান

**প্রশ্ন:**

শুনেছি, আহলে কিতাবের জবাই করা পশুর গোশত খাওয়া জায়েয। ইহুদী-খ্রিস্টানরা তো আহলে কিতাব। আমরা যারা ইউরোপ আমেরিকায় থাকি, তারা কি এখানকার ইহুদী-খ্রিস্টানদের জবাই করা পশুর গোশত খেতে পারব?

-আবদুর রহমান

**উত্তর:**

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

الحمد لله، والصلاة والسلام على محمد وأصحابه، أما بعد:

জবাইকৃত পশু হালাল হওয়ার জন্য মৌলিক শর্ত তিনটি।

১. জবাইকারী মুসলিম বা কমপক্ষে আহলে কিতাব হওয়া।

২. জবাই করার সময় আল্লাহর নাম নেওয়া।

৩. শরয়ী পদ্ধতিতে জবাই করা। অর্থাৎ খাদ্যনালী, শ্বাসনালী ও শাহরগ দুটি কেটে বা কমপক্ষে যেকোনো তিনটি রগ কেটে রক্ত প্রবাহিত করা।

অতএব জবাইকারী মুসলিম হোক কিংবা আহলে কিতাব; আল্লাহর নামে শরয়ী পদ্ধতিতে জবাই করা শর্ত। সুতরাং আহলে কিতাব যদি জবাই করার সময় আল্লাহর নাম না নেয় অথবা মাসিহ, যিশু ইত্যাদির নাম নেয়, তাহলে তার জবাইকৃত পশু হালাল হবে না।

আহলে কিতাব হওয়ার জন্য আবশ্যক হলো, প্রকৃত অর্থে ইহুদী কিংবা খ্রিস্টান হওয়া। এ জন্য নিম্নোক্ত বিষয়গুলোর উপস্থিতি জরুরি;

(ক) আল্লাহ তাআলার সত্তা ও অস্তিত্ব স্বীকার করা।

(খ) আল্লাহ প্রেরিত যেকোনো নবী-রাসূল ও তাঁর উপর নাযিলকৃত আসমানি কিতাবের উপর ঈমান থাকা।

অতএব আহলে কিতাবদের মধ্যে তারা অন্তর্ভুক্ত নয়, যারা বস্তুবাদী নাস্তিক কিংবা সেকুলার মতাদর্শের অনুসারী। বর্তমান ইউরোপ ও আমেরিকার সাধারণ অবস্থা হলো, তাদের অধিকাংশই জাতিগতভাবে খ্রিস্টান হলেও প্রকৃত অর্থে তারা আল্লাহর অস্তিত্বকেই বিশ্বাস করে না কিংবা ধর্মকে স্বীকারই করে না বা অকার্যকর মনে করে। যদি প্রকৃত খ্রিস্টান পাওয়াও যায় তদুপরি এটা প্রমাণিত ও সুবিদিত যে, ওরা শরয়ী পদ্ধতিতে জবাই করে না এবং জবাই করার সময় আল্লাহর নাম নেয় না। অধিকাংশের অবস্থা যেহেতু এমন, তাই সেখানকার ইহুদী খ্রিস্টানদের জবাইকৃত পশুর গোশত হালাল হবে না; যতক্ষণ না সুনিশ্চিতভাবে প্রমাণিত হয় যে, পশুর জবাইকারী প্রকৃত অর্থেই আহলে কিতাব, বস্তুবাদী নাস্তিক কিংবা সেকুলার নয় এবং তা শরয়ী পদ্ধতিতে জবাই করা হয়েছে।

সুতরাং ইউরোপ আমেরিকা ও অমুসলিমদের বাজারে প্রাপ্ত গোশত মুসলিমদের জন্য সাধারণ অবস্থায় হালাল নয়। যদি নির্দিষ্ট কোনো গোশত সম্পর্কে জানা যায় যে, তা শরয়ী পদ্ধতিতে প্রকৃত কোনো আহলে কিতাবের জবাই করা পশুর গোশত, তবেই কেবল তা হালাল হবে। আল্লাহু আলাম।

-আহকামুল কুরআন লিল জাসসাস: ১/১৫৪; তাফসীরে মাযহারী: ৩/৩৯; হেদায়া: ৪/৬২-৬৪; আদ-দুররুল মুখতার: ৬/২৯৬, ৩০২; ইমদাদুল ফাতাওয়া: ৮/২১৩-২২০; জাওয়াহিরুল ফিকহ: ৬/১৮০, যাকারিয়া; ফতোয়া উসমানী: ৪/৪০; বুহুস ফি কাযায়া ফিকহিয়্যাহ মুআসারাহ: ১/৪৩৬;

فقط، والله تعالى أعلم بالصواب

**আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)**

১৩-০৮-১৪৪৬ হি.

১৩-০২-২০২৫ ঈ.